# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৬৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৬৫]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ১০৩: ইমাম সালাত শেষ করা পর্যন্ত যে ব্যক্তি তার সাথে সালাত আদায় করে তার সাওয়াব

باب ثواب من صلى مع الإمام حتى ينصرف

আরবী

أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ مَسْعُودٍ، قَالَ: حَدَّثَنَا بِشْرٌ وَهُوَ ابْنُ الْمُفَضَّلِ، قَالَ: حَدَّثَنَا دَاوُدُ بْنُ أَبِي هِنْدٍ، عَنِ الْوَلِيدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ، عَنْ أَبِي ذَرٍّ، قَالَ: صُمْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَمَضَانَ، فَلَمْ يَقُمْ بِنَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى بَقِيَ سَبْعٌ مِنَ الشَّهْرِ، فَقَامَ بِنَا حَتَّى ذَهَبَ نَحْوٌ مِنْ ثُلُثِ اللَّيْلِ، ثُمَّ كَانَتْ سَادِسَةٌ فَلَمْ يَقُمْ بِنَا، فَلَمَّا كَانَتِ الْخَامِسَةُ قَامَ بِنَا حَتَّى ذَهَبَ نَحْوٌ مِنْ شَطْرِ اللَّيْلِ، قُلْنَا: يَا رَسُولَ اللَّهِ، لَوْ نَفَلْتَنَا قِيَامَ هَذِهِ اللَّيْلَةِ، قَالَ: إِنَّ الرَّجُلَ إِذَا صَلَّى مَعَ الْإِمَامِ حَتَّى يَنْصَرِفَ حُسِبَ لَهُ قِيَامُ لَيْلَةٍ ، قَالَ: ثُمَّ كَانَتِ الرَّابِعَةُ فَلَمْ يَقُمْ بِنَا، فَلَمَّا بَقِيَ ثُلُثٌ مِنَ الشَّهْرِ أَرْسَلَ إِلَى بَنَاتِهِ وَنِسَائِهِ وَحَشَدَ النَّاسَ، فَقَامَ بِنَا حَتَّى خَشِينَا أَنْ يَفُوتَنَا الْفَلَاحُ، ثُمَّ لَمْ يَقُمْ بِنَا شَيْئًا مِنَ الشَّهْرِ، قَالَ دَاوُدُ، قُلْتُ: مَا الْفَلَاحُ، قَالَ: السُّحُورُ.

تخريج دارالدعوه: سنن ابی داود/الصلاة ٣١٨ (١٣٧٥)، سنن الترمذی/الصوم ٨١ (٨٠٦)، سنن ابن ماجہ/الإقامة ١٧٣ (١٣٢٧)، (تحفة الأشراف: ١١٩٠٣)، مسند احمد ٥/١٥٩، ١٦٣، سنن الدارمی/الصوم ٥٤ (١٨١٨، ١٨١٩)، ویأتی عند المؤلف برقم: ١٦٠٦ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1365 - صحيح

বাংলা

১৩৬৪. ইসমাঈল ইবনু মাস্‌’উদ (রহ.) ..... আবূ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা এক রমাযানে রাসূলুল্লাহ (সা.) -এর সাথে সিয়াম পালন করলাম, সে রমাযানে নবী (সা.) আমাদের সাথে তারাবীহের সালাত আদায় করলেন না, যতদিন পর্যন্ত না মাসের সাতদিন অবশিষ্ট রইল; তখন তিনি আমাদের নিয়ে তারাবীহের সালাত আদায় করলেন। তাতে রাতের প্রায় এক-তৃতীয়াংশ অতিবাহিত হয়ে গেল। তারপর যখন ছয়দিন বাকি রইল, তখন তিনি আমাদের নিয়ে তারাবীহের সালাত আদায় করলেন না। পরে যখন পাঁচ দিন বাকি রইল আবার তিনি আমাদের সাথে তারাবীহের সালাত আদায় করলেন এবং তাতে রাতের প্রায় অর্ধেক অতিবাহিত হয়ে গেল। আমরা বললাম, হে আল্লাহর রসূল! যদি আপনি আমাদেরকে নিয়ে পুরো রাত তারাবীহের সালাত আদায় করতেন। তিনি বললেন, কোন ব্যক্তি যখন ইমাম সালাম ফিরিয়ে সালাত হতে বের হওয়া পর্যন্ত তার সাথে সালাত আদায় করে তার জন্যে এক পূর্ণ রাত সালাত আদায় করার সাওয়াব লেখা হয়। অতঃপর যখন চারদিন বাকি রইল তিনি তখন আমাদেরকে নিয়ে তারাবীহের সালাত আদায় করলেন না। অতঃপর যখন মাসের তিনদিন বাকি রইল, তিনি তাঁর কন্যা এবং বিবিদের কাছে লোক পাঠালেন এবং সাহাবাগণকে একত্র করলেন এবং আমাদের নিয়ে তারাবীহের সালাত এমনিভাবে আদায় করলেন যে, আমরা ভয় পেয়ে গেলাম আমরা ফালাহ-এর সময় না হারিয়ে ফেলি। এরপর তিনি আমাদের নিয়ে ঐ মাসের আর কোনদিন তারাবীহের সালাত আদায় করেননি। রাবী দাউদ (রহ.) বলেন, আমি প্রশ্ন করলাম, ফালাহ-এর অর্থ কি? তিনি বললেন, সাহরী খাওয়া।

## English

103. The Reward Of One Who Prays With The Imam Until He Leaves

It was narrated that Abu Dharr said: We fasted Ramadan with the Messenger of Allah (ﷺ), and the Prophet (ﷺ) did not lead us in Qiyam until there were seven days left of the month, then he led us in Qiyam until one-third of the night had passed. Then, when there were six days left, he did not lead us in Qiyam. When there were five days left, he led us in praying Qiyam until half the night had passed. We said: 'O Messenger of Allah (SA), why don't you lead us in praying Qiyam for the rest of the night?' He said: 'If a man prays with the Imam until he leaves, that will be continued for him as if he spent the whole night in prayer.' Then, when there were four days left, he did not lead us in praying Qiyam. When there were three days left he sent for his daughters and women, and gathered the people, and he led us in praying Qiyam until we feared that we would miss Al-Falah. Then he did not lead us in praying Qiyam for the rest of the month. Dawud (one of the narrators) said: I said: ' What is falah?' He said: 'Sahur.'

ফুটনোট

সহীহ: আবু দাউদ ১৩৭৫, তিরমিযী ৮০৬, ইবনু মাজাহ ১৩২৭, দারিমী ১৭৭৭, সহীহ ইবনু খুযায়মাহ ২২০৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87758

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন